ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৩৫

আগরতলা, ২৬ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"জেলা হাসপাতালে নার্সদের চুলোচুলি,"এই শিরোনামে গত ২৩ আগস্ট,২০২৫,"আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।এই সংবাদের পরিপ্রেক্ষিতে গোমতী জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট কর্তৃক গঠিত দুই সদস্যের একটি তদন্ত কমিটি কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে,উল্লিখিত ঘটনাটি গত ৬ জুলাই, ২০২৫ তারিখে জেলা হাসপাতালের ট্রমা সেন্টারে ঘটেছিল।উক্ত ঘটনার ভিডিও রেকর্ডটি করেন নার্সিং অফিসার লিপিকা দাস। তবে এই ঘটনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আগে থেকে জানানো হয়নি এবং তা গত ২১ আগস্ট, ২০২৫ তারিখে প্রকাশ্যে আসে।এরপর, ঘটনার প্রাথমিক তদন্ত শেষে গোমতী জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট সংশ্লিষ্ট মুখ্য স্বাস্থ্য আধিকারিকের সাথে আলোচনাক্রমে প্রাথমিক ব্যবস্থা হিসেবে নার্সিং অফিসার মীরা সরকার এবং লিপিকা দাস উভয়কেই যথাক্রমে করবুক মহকুমা হাসপাতাল এবং অমরপুর মহকুমা হাসপাতালে ডেপুটেশনে নিযুক্ত করা হয়েছে।

*****